গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(স্থানীয় সরকার শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০২৬.০২.০০২.২২- ১০৯ | তারিখ: ০৭ ফাল্গুন, ১৪২৮ / ২০ ফেব্রুয়ারি, ২০২২

"দরপত্র বিজ্ঞপ্তি"

লালমনিরহাট জেলার ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত ইউপি গ্রাম পুলিশের [দফাদার-৪১জন ও মহল্লাদার-৩৮৭ জন (০৫ জন মহিলাসহ)] ২০২১-২০২২ অর্থ বছরের পোশাক সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী ঠিকাদারের নিকট হতে সিলমোহরকৃত খামে (নমুনাসহ) দরপত্র আহ্বান করা যাচ্ছে।

১। **তফসিল "ক" (১ম পর্যায়) :**

ক্রমিক নং	বিবরণ	বিস্তারিত তথ্য
১.	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২.	দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ	জেলা প্রশাসক, লালমনিরহাট
৩.	সংগ্রহ/ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র (OTM)
৪.	কাজের বিবরণ	ইউপি গ্রামপুলিশের (দফাদার ও মহল্লাদার) পোশাক সরঞ্জামাদি সরবরাহ
৫.	দরপত্র সিডিউল প্রাপ্তি/ বিক্রয়ের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (গ) পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর/আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
৬.	দরপত্রের মূল্য	নগদ ৩,০০০/-(তিন হাজার) টাকা (অফেরৎযোগ্য)
৭.	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ০৬/০৩/২০২২ খ্রি. পর্যন্ত (সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত)
৮.	দরপত্র জমা (বাক্স) গ্রহণের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (গ) পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর/আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
	দরপত্র দাখিলের তারিখ ও সময়	০৮/০৩/২০২২খ্রি. দুপুর ১.০০টা পর্যন্ত
৯.	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, ০৮/০৩/২০২২খ্রি. বিকাল ৪.০০টায়। দরদাতা কর্তৃক ক্ষমতা প্রাপ্ত সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)
১০.	কার্য সম্পাদনের সময়	কার্যাদেশ প্রাপ্তির ৪৫(পঁয়চল্লিশ)দিনের মধ্যে

২। **তফসিল "খ" (২য় ও ৩য় পর্যায়) :**

পর্যায়	দরপত্র বিক্রয়ের স্থান, তারিখ ও সময়	দরপত্র জমা (বাক্স) গ্রহণের স্থান,তারিখ ও সময়	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	মন্তব্য
২য় পর্যায়	তফসিল "ক" এর ৫নং ক্রমিকে বর্ণিত স্থানসমূহ, ০৯/০৩/২০২২খ্রি. হতে ১৫/০৩/২০২২ পর্যন্ত অফিস চলাকালে।	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (গ) পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর/আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট। ১৬/০৩/২০২২খ্রি.	জেলা প্রশাসক সম্মেলন কক্ষ ১৬/০৩/২০২২খ্রি. বিকাল ৪.০০টায়।	দরপত্র গৃহীত না হলে পরবর্তী পর্যায়ের বর্ণিত তফসিল
৩য় পর্যায়	তফসিল "ক" এর ৫নং ক্রমিকে বর্ণিত স্থানসমূহ, ২০/০৩/২০২২খ্রি. হতে ২৮/০৩/২০২২ পর্যন্ত অফিস চলাকালে।	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (গ) পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর/আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট। ২৯/০৩/২০২২খ্রি.	জেলা প্রশাসক সম্মেলন কক্ষ ২৯/০৩/২০২২খ্রি. বিকাল ৪.০০টায়।	

১ম পর্যায়ে কাঙ্খিত দর পাওয়া না গেলে বা দরপত্র দাখিল না হলে দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত একই শর্তের অধীনে অনুরুপভাবে পর্যায়ক্রমে দফাওয়ারী দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

৩. পোশাক ও সাজ-সরঞ্জামাদির ধরণ ও সম্ভাব্য পরিমাণ :

ক্রমিক নং	পোশাক সরঞ্জামাদির বিবরণ	সংখ্যা
১.	দফদার- ফুলহাতা ও হাফ হাতা নীল রং এর জামা (স্টিল সোল্ডার ব্যাচের উভয় পার্শ্বে একটি করে স্টারসহ), সবুজ কাপড়ের রিবণ ২টি এবং নেমপ্লেট	৮২টি
২.	মহল্লাদার : ফুলহাতা ও হাফ হাতা নীল রং এর জামা (স্টিল সোল্ডার ব্যাচ ও নেমপ্লেট সহ)	৭৬৪টি
৩.	ফুল প্যান্ট –দফাদার ও মহল্লাদার	৮৪৬টি
৪.	মহিলা গ্রাম পুলিশের পোশাক(শাড়ী, ব্লাউজ, পেটিকোট ও নেমপ্লেট)	১০ সেট
৫	কাপড়ের জুতা মোজাসহ (উন্নত মানের)	৪২৮ জোড়া
৬.	বেল্ট (উন্নত মানের)	৪২৮টি
৭.	চামড়ার জুতা (মোজাসহ)	৪২৮টি
৮.	চার্জার লাইট (৪.৫ ভোল্ট)	৪২৮টি
৯	ক্যাপ (গ্রাম পুলিশের মনোগ্রাম যুক্ত)	৪২৮টি
১০.	জ্যাকেট (উন্নতমানের)	৪২৮টি
১১.	বাইসাইকেল (পুরুষ) উন্নতমানের	৮৮টি
১২.	বাইসাইকেল (লেডিস) উন্নতমানের	০৫টি

প্রকাশ যে, দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী স্থানীয় সরকার শাখা এবং জেলা তথ্য বাতায়ন **www.lalmonirhat.gov.bd** এর মাধ্যমে জানা যাবে।

৪.দরপত্রের শর্তাবলী :

(ক) ২০২১-২০২২ অর্থ বছরের দরদাতার ভ্যাট পরিশোধের সনদ, ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদ, আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার যে কোন তফসিলি ব্যাংকের সনদ ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি (সত্যায়িত) দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) দরপত্র দাতাকে বিগত ০৩(তিন) বছরের মধ্যে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকার একই ধরণের কাজের (বিজিবি, পুলিশ, আনসার ও ভিডিপি এবং গ্রাম পুলিশদের পোশাক ও অন্যান্য সাজ-সরঞ্জামাদি সরবরাহের) বাস্তব অভিজ্ঞতার সনদপত্রের (সত্যায়িত) কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা,২০০৮ মোতাবেক দরপত্রদাতাকে যোগ্য হতে হবে এবং দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দাখিল করতে হবে।

৫. দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী স্থানীয় সরকার শাখা এবং জেলা তথ্য বাতায়ন **www.lalmonirhat.gov.bd** এর মাধ্যমে জানা যাবে।

৬. দরপত্রে দেয় দরের ৫% হারে জামানত বাবদ যে কোন রাষ্ট্রীয়ত্ত ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার (জেলা প্রশাসক, লালমনিরহাট এর অনুকূলে) সংগ্রহ পূর্বক দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. দরপত্রে বর্ণিত প্রতিটি আইটেমের নমুনা দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অনুমোদিত নমুনার সাথে সরবরাহকৃত নমুনার গড়মিল দেখা দিলে কোন ক্রমেই তা গ্রহণযোগ্য হবে না।

৮. প্রত্যেক গ্রামপুলিশের গায়ের মাপ অনুযায়ী পোশাক ও পায়ের মাপ অনুযায়ী জুতা ও মোজা সরবরাহ করতে হবে।

৯. সকল পোশাক ও সাজ-সরঞ্জামাদি জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় দাখিল করতে হবে। সরবরাহকৃত পোশাক ও সাজ-সরঞ্জামাদির গুনগতমান মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই অন্তে সন্তোষজনক বিবেচিত হলে এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হলে সরবরাহকারীকে নিজ খরচে এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তা পৌছে দিয়ে সন্তোষজনক মর্মে প্রাপ্তি স্বীকারপত্র এ দপ্তরে জমাদানের পর বিলের অর্থ পরিশোধ করা হবে। অগ্রিম কোন বিল প্রদান করা হবে না।

১০. কার্যাদেশ প্রদানের ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সমুদয় পোশাক ও সাজ-সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিল বলে গন্য হবে।

১১. সরবরাহকৃত পোশাক ও সাজ-সরঞ্জামাদির গৃহীত মোট দরের উপর প্রচলিত হারে ভ্যাট ও আয়কর কর্তন করতে হবে।

১২. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে প্রাপ্ত বরাদ্দের মধ্যে ক্রয়যোগ্য কোন আইটেম সংযোজন/বিয়োজন এবং মালামালের পরিমাণ সংখ্যা হ্রাস ও বৃদ্ধি করতে পারবেন, তাতে দরদাতার কোন আপত্তি গ্রাহ্য হবে না।

১৩. দরদাতা কর্তৃক দাখিলকৃত যে কোন কাগজপত্র ভূয়া/জাল প্রমাণিত হলে প্রচলিত আইনে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দাখিলকৃত জামানত বাবদ অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৪. পোশাক ও সাজ-সরঞ্জামাদি সরবরাহের ০৩(তিন) মাসের মধ্যে সরবরাহকৃত মালামালের ত্রুটির বিষয়ে কোন আপত্তি না পাওয়া গেলে তবেই জামানতের অর্থের চেক ফেরত প্রদান করা হবে।

১৫. দরপত্র মূল্য ৩,০০০/-(তিন হাজার) টাকা মাত্র (অফেতযোগ্য) এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র বিক্রয় করা হবে না।

১৬. দরপত্রে উল্লিখিত সকল আইটেমের একক মূল্য অংকে ও কথায় এবং মোট মূল্য অংকে ও কথায় স্পষ্টঅক্ষরে লিখতে হবে। কোন ঘষামাজা/কাটাকাটি গ্রহণযোগ্য হবে না।

১৭. দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

১৮. সংশ্লিষ্ট কমিটি কর্তৃক দরপত্র গৃহীত হওয়ার পর দরদাতাকে দরপত্রের নিয়ম ও শর্তাবলী অনুসরণপূর্বক পোশাক ও সাজ-সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা/চুক্তি সম্পাদন করতে হবে।

১৯. দরপত্রের সাথে দাখিলকৃত নমুনার মান সন্তোষজনক না হলে সর্বনিম্ন দরদাতাকে কর্তৃপক্ষ কার্যাদেশ দিতে বাধ্য নহে।

২০. ৪(ক) ও ৪(খ)নং ক্রমিকে উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে/অনুযায়ী প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার নিজে বা লিখিত ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি দরপত্র ক্রয় করতে পারবেন এবং শর্তাবলীর বাহিরে অন্য কোন ব্যক্তি ক্রয় করতে পারবেন না।

২১. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ /বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ আবু জাফর)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন নং-০৫৯১-৬২০২০
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(স্থানীয় সরকার শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০২৬.০২.০০২.২২- ১০১(৭৫)

তারিখ: ৭ ফাল্গুন, ১৪২৮
২০ ফেব্রুয়ারি, ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।

৪। জেলা প্রশাসক ....(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

৫। পুলিশ সুপার, লালমনিরহাট।

৬। উপজেলা নির্বাহী অফিসার............................(সকল), লালমনিরহাট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট।

৮। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

৯। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ...। তাঁকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় ৩ নং কলামে সংক্ষিপ্ত পরিসরে ০১(এক) দিনের জন্য (ছুটির দিন ব্যতীত) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। জেলা প্রতিনিধি, বাংলাদেশ গ্রাম পুলিশ কর্মচারী ইউনিয়ন, জেলা শাখা, লালমনিরহাট।

১১। নোটিশ বোর্ড।

২০/০২/২০২২

(মোঃ রফিকুল ইসলাম)
উপপরিচালক
স্থানীয় সরকার, লালমনিরহাট
টেলি: নম্বর ০২৫৮৯৯৮৬৮৭৫
ddlglalmonirhat@gmail.com